গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক ফিডব্যাক কর্মশালার প্রতিবেদন :

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | **এ বি এম আমিন উল্লাহ নুরী**<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| সভাপতি | : | **মোঃ মাহবুবের রহমান**<br>যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৪ জানুয়ারি ২০২৪ |
| সময় | : | বেলা ১.০০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর প্রধান অতিথিকে তাঁর বক্তব্য প্রদানের আহ্বান জানানো হয়। প্রধান অতিথি বলেন যে, দুর্নীতিমুক্ত রাষ্ট্র গঠনে শুদ্ধাচারের গুরুত্ব অপরিসীম। তাই সকলকেই শুদ্ধাচারের চর্চা করা বঞ্ছনীয়। তিনি এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাসমূহ অনুসরণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা আনয়ণের পাশাপাশি সেবা সংক্রান্ত কার্যক্রমসমূহে জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অতঃপর প্রধান অতিথির নির্দেশনা মতে সভাপতি এ বিভাগের উপসচিব ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসান কে সভা পরিচালনার আহ্বান জানান।

০২. এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাক্রমে ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়। আলোচনা ও মতামত নিম্নরূপ :

**২.১ দপ্তর/সংস্থার নাম : সড়ক ও জনপথ অধিদপ্তর**

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ৩১/১০/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা আয়োজন করা হয়েছে। সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ২১/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত অংশীজন সভা হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ১৫২ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ২১/১২/২০২৩ তারিখে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। ৪র্থ শ্রেণীর কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নের পরামর্শ দেয়া হয়। অর্থবছর শেষ হওয়ার পূর্বেই এ কার্যক্রমটি বাস্তবায়ন নিশ্চিত করার অনুরোধ করা হয়। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ৬০% এর বিপরীতে ৭৭.২৫% বাস্তবায়ন করা হয়েছে। পরিকল্পনা মোতাবেক ক্রয় কাজ সম্পন্নের নিমিত্ত দরপত্র আহ্বান করা হয়েছে ও আনুষ্ঠানিক কাজ চলছে। |

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা ২০% এর বিপরীতে ২২.৬৩% বাস্তবায়ন করা হয়েছে। প্রান্তিকভিত্তিক বাজেট বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের ১৩৪টি PIC সভা আয়োজন করা হয়েছে। প্রমাণক হিসেবে কার্যবিবরণী পাওয়া গিয়েছে। PIC সভায় প্রকল্প বাস্তবায়ন হার উল্লেখ করার নির্দেশনা দেয়া হয়। |
| ৩.২ বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য চলমান কাজসমূহে Quality Assurance Plan অনুসরণের কার্যক্রম নিরীক্ষাকরণ | বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য চলমান কাজসমূহে Quality Assurance Plan অনুসরণের ৬টি কার্যক্রম নিরীক্ষা করা হয়েছে। প্রমাণক হিসেবে প্রতিবেদন পাওয়া গিয়েছে। |
| ৩.৩ প্রধান প্রকৌশলী/মনোনীত প্রতিনিধি কর্তৃক দৈবচয়নভিত্তিতে উন্নয়নমূলক কাজ অনলাইনে/ সরেজমিনে মনিটরিং | দ্বিতীয় প্রান্তিকে ৩টি উন্নয়নমূল কাজ মনিটরিং করা হয়েছে। প্রমাণক হিসেবে প্রতিবেদন পাওয়া গিয়েছে। প্রতিবেদনে বর্ণিত সুপারিশ/পরামর্শ/নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। |

**২.২ দপ্তর/সংস্থার নাম : বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ২৯/১০/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ১৮/১১/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | দুই প্রান্তিকের লক্ষ্যমাত্রা ১২০ জনের বিপরীতে ৯৭ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পূর্বের বকেয়াসহ চলতি প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ৩০% এর বিপরীতে ৩০% বাস্তবায়ন করা হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুসরণে স্থানীয় সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা ৪৫% এর বিপরীতে ৪৫% বাস্তবায়ন করা হয়েছে। বাজেটের আওতাভুক্ত মালামাল যথাসময়ে ক্রয় করে যথাযথভাবে সংরক্ষণ এবং কাগজ পত্রাদি নথিতে ঠিকভাবে রাখার জন্য পরামর্শ দেয়া হয়। |
| ৩.২ গণশুনানী | লক্ষ্যমাত্রা অনুযায়ী গণশুনানী বিআরটিএ রাজশাহী জেলা সার্কেলে ২১.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| ৩.৩ ঢাকা ও চট্টগ্রাম মেট্রোসার্কেলগুলোতে বহিরাগতদের অপতৎপরতা রোধে অভিযান পরিচালনা | ঢাকা ও চট্টগ্রাম মেট্রোসার্কেলগুলোতে বহিরাগতদের অপতৎপরতা রোধে ১০৪টি অভিযান পরিচালনা করে ৬৬,০০০/- টাকা জরিমানাসহ ৯২ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করা হয়। এ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। |
| ৩.৪ বিআরটিএ'র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতামূলক সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ৮৫টি সেবা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রতিটি বিজ্ঞপ্তি প্রমাণক সংরক্ষণ করার পাশাপাশি যথাসময়ে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। |
| ৩.৫ অবৈধ মোটর ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে অভিযান | অক্টোবর-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ২০টি অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান অব্যাহত রাখতে হবে। অভিযানে অনিয়ম করে থাকলে তা সংশোধন করা হয়েছে কিনা তার ফলোআপ নিতে হবে। |
| ৩.৬ হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে অভিযান | অক্টোবর-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ২২টি অভিযান পরিচালনা করে ২৪টি মামলায় ৩৮,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। সড়ক নিরাপত্তার স্বার্থে এ অভিযান অব্যাহত রাখতে হবে। |

২.৩ দপ্তর/সংস্থার নাম : বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ২৬/১০/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ৩১/১২/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৪৯ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। |
| ১.৬ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | গত ২৬.১০.২০২৩ তারিখে আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে ফিডব্যাক প্রদান করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ৫০% এর বিপরীতে ৫৫.৭৮% বাস্তবায়ন করা হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুসরণে স্থানীয় সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা ৪০% এর বিপরীতে ৩৯.০৮% বাস্তবায়ন করা হয়েছে। বাজেটের আওতাভুক্ত ক্রয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং মালামাল গুণগত মানসম্পন্ন যাতে হয় তার প্রতি নজর দিতে হবে। কাগজ পত্রাদি নথিতে ঠিকভাবে রাখার জন্য পরামর্শ দেয়া হয়। |
| ৩.২ ভিজিলেন্স টিম কর্তৃক বিআরটিসি বাসে শুদ্ধাচার পর্যবেক্ষণ ও বাস্তবায়ন প্রতিবেদন | ভিজিলেন্স টিম কর্তৃক বিআরটিসি বাসে শুদ্ধাচার পর্যবেক্ষণ ও বাস্তবায়ন কার্যক্রমে ১০টি প্রতিবেদন পাওয়া গিয়েছে। যাত্রীসেবার মান উন্নয়নে এ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। |
| ৩.৩ কল্যাণ তহবিল হতে কর্মকর্তা/কর্মচারিদের আর্থিক সহযোগিতা প্রদান করা | কল্যাণ তহবিল হতে কর্মকর্তা/কর্মচারিদের ১৪ জনকে আর্থিক সহযোগিতা প্রদান করা হয়েছে। |
| ৩.২ গণশুনানী | লক্ষ্যমাত্রা অনুযায়ী গণশুনানী ২৯.১১.২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। গণশুনানীর পরামর্শ/মতামত অনুসরণ করার জন্য অনুরোধ করা হয়। |
| ৩.৫ অনলাইন সিপি ফান্ড ও গ্র্যাচুইটির অর্থ বিতরণ | অনলাইন সিপি ফান্ড ও গ্র্যাচুইটির অর্থ বিতরণ কার্যক্রমে ৩৩৯ জন প্রদান করা হয়েছে। |
| ৩.৬ অডিট আপত্তির জবাব প্রস্তুতকরণ | ১টি অডিট আপত্তির জবাব প্রস্তুত করা হয়েছে। অডিট আপত্তির জবাব প্রকৃত তথ্যাদি ও প্রমাণক দিয়ে প্রণয়ন করতে হবে। |

২.৪ দপ্তর/সংস্থার নাম : ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ২৭/১২/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ২৮/১২/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৫১ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। |

| কার্যক্রমের নাম | মন্তব্য |
| --- | --- |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | লক্ষ্যমাত্রা ৩১/১২/২০২৩ তারিখ কিন্তু লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করা হয়নি। পরবর্তী প্রান্তিকসমূহে সমন্বয় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ২০% এর বিপরীতে ২০% বাস্তবায়ন করা হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুসরণে স্থানীয় সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | লক্ষ্যমাত্রা ২০% এর বিপরীতে ৪৩.০৬% বাস্তবায়ন করা হয়েছে। বাজেটের আওতাভুক্ত ক্রয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং মালামাল গুণগত মানসম্পন্ন যাতে হয় তার প্রতি নজর দিতে হবে। কাগজ পত্রাদি নথিতে ঠিকভাবে রাখার জন্য পরামর্শ দেয়া হয়। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২টি PIC সভা করা হয়েছে। PIC সভার কার্যবিবরণীতে প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে গাণিতিক হিসাব থাকতে হবে। |
| ৩.২ ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত পরিদর্শন | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ১টি পরিদর্শন করা হয়েছে। |
| ৩.৩. র‍্যাপিড পাস ব্যবহারের প্রচার | লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪০০০ লিফলেট বিতরণ করা হয়েছে। Rapid Pass ব্যবহার বৃদ্ধি করার জন্য বিজ্ঞাপন প্রচারের উদ্যোগ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ৩.৪. ঠিকাদার/পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ফিডব্যাক সভা | গত ২৮/১২/২০২৩ তারিখে ঠিকাদার/পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রাপ্ত পরামর্শ/সিদ্ধান্তসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |

**২.৫ দপ্তর/সংস্থার নাম : ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল)**

| কার্যক্রমের নাম | মন্তব্য |
| --- | --- |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ১৫/১০/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। কার্যক্রমের গুরুত্ব বিবেচনায় পৃথক পৃথক সিদ্ধান্ত গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ২১/১১/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ২০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ প্রদান করা হয়। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রম ২৯/১২/২০২৩ তারিখে পরিচালনা করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ২২% এর বিপরীতে ২২% বাস্তবায়ন করা হয়েছে। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | লক্ষ্যমাত্রা ২২% এর বিপরীতে ১০.৬৯% বাস্তবায়ন করা হয়েছে। বাজেট বাস্তবায়ন কার্যক্রমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করা হয়। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪টি PIC সভা আয়োজন করা হয়েছে। PIC সভায় প্রকল্প বাস্তবায়ন হার উল্লেখ করার নির্দেশনা দেয়া হয়। |

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ৩.৩ ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মাসিক অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩টি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ৩.৪ ডিএমটিসিএল এর সকল কর্মচারীর ডাটাবেজ প্রণয়ন | লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১.১২.২০২৩ তারিখে সকল কর্মচারীর ডাটাবেজ প্রণয়ন সম্পন্ন হয়েছে। |

**২.৬ দপ্তর/সংস্থার নাম : ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)**

| কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | গত ১৭/১০/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ১টি সভা আয়োজন করা হয়েছে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত ১৪/১২/২০২৩ তারিখে অংশীজন সভা অনুষ্ঠিত হয়েছে। অংশীজন সভায় প্রাপ্ত পরামর্শসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন বা অনুসরণের পরামর্শ দেয়া হয়। |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | নির্ধারিত সময়ের মধ্যে অফিস ভবন সংলগ্ন বাগান পরিচর্যা করা হয়েছে। |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | লক্ষ্যমাত্রা ৪০% এর বিপরীতে ৪০% বাস্তবায়ন করা হয়েছে। প্রমাণকসমূহ মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী আপলোড করার পরামর্শ প্রদান করা হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুসরণে সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | লক্ষ্যমাত্রা ৪০% এর বিপরীতে ৪০% বাস্তবায়ন করা হয়েছে। বাজেটের আওতাভুক্ত ক্রয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং মালামাল গুণগত মানসম্পন্ন যাতে হয় তার প্রতি নজর দিতে হবে। কাগজ পত্রাদি নথিতে ঠিকভাবে রাখার জন্য পরামর্শ দেয়া হয়। |
| ৩.৩ দুর্নীতি বিরোধী কর্মশালা আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী দুর্নীতি বিরোধী কর্মশালা ০৬.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| ৩.৪ বিআরটি প্রজেক্টের মাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ | ৩টি মাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ৩.৬ ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক অডিট সম্পন্নকরণ | ২৮.১২.২০২৩ তারিখে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক অডিট সম্পন্ন করা হয়েছে। |

৩.০ ফিডব্যাক কর্মশালায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ৩ [শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম] এর জন্য ফলাফলভিত্তিক কার্যক্রম গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে এবং প্রমাণক দাখিলের সময় গৃহিত কার্যক্রমের ফলে কি কি শুদ্ধাচার চর্চা প্রতিষ্ঠিত হয়েছে তার সুস্পষ্ট ব্যাখ্যা থাকতে হবে। | ১। চেয়ারম্যান, বিআরটিএ<br>২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর<br>৩। চেয়ারম্যান, বিআরটিসি<br>৪। নির্বাহী পরিচালক, ডিটিসিএ<br>৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল<br>৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| ২. | NIS Software-এ প্রমাণক দাখিলের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করে সঠিক প্রমাণক যথাসময়ে আপলোড করতে হবে। | |
| ৩. | স্ব-স্ব সংস্থার নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী নৈতিকতা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ এবং তা বাস্তবায়ন করতে হবে। গুরুত্বপূর্ণ কার্যক্রমের ক্ষেত্রে পৃথক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৫. | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর<br>২। নির্বাহী পরিচালক, ডিটিসিএ<br>৩। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |

৪.০ আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় প্রধান অতিথির অনুমতিক্রমে উপস্থিত সকলকে ধনবাদ জানিয়ে ফিডব্যাক কর্মশালার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ মাহবুবের রহমান)
যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০১২.২৩-২৩

তারিখ : ২৩ মাঘ, ১৪৩০ / ০৬ ফেব্রুয়ারি, ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, তেজগাঁও, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮
E-mail: dsaudit@rthd.gov.bd